

শ্রম কিশোর

অলোকরঞ্জন দাশগুপ্ত

সোনারপুরের ছেলোট
মেয়ে হলে হত যুথিকা,
দু-বার নিয়েছে যাত্রায়
সুবল সখার ভূমিকা

বাঁশি বাজিয়েছে রাতদিন
রেল লাইনের কিনারে,
দিদিমণিদের বলেছে:

“এবার আমায় বাদ দিন!”

তাকেই দেখেছি দিনরাত
ক্যান্টিনে, এই পাড়াতে,
এখানে এসেছে নির্ঘাৎ
দিদির অসুখ সারাতে?

বললাম : “শুধু কাপ - ডিশ
ধুয়ে কি জীবন কাটাবি?

চলে আয়, কেন ভাবছিস?

যে মাইনে চাস তা পাবি।”

সেই থেকে তাকে রেখেছি
এক কোনে রাত বিরেতে
কাপেট বোনে, তখুনি
রপ্তানি করি বিলেতে।